


## উইন্ডোজ এক্সপিতে এ্যাডমিনিস্ট্রেটর হিসেবে লগ-ইন করা


উইন্ডোজ এনটি ৪ বা ২০০০ ইনস্টল করার পর প্রথমে উইন্ডোজের বিল্ট-ইন এ্যাডমিনিস্ট্রেটর হিসেবে লগ-ইন করে তারপর অন্যান্য ইউজার তৈরী করা হত। কিন্তু উইন্ডোজ এক্সপির ক্ষেত্রে নিয়মটা একটু পাল্টে গেছে। উইন্ডোজ এক্সপি ইনস্টল করার পর পরই একটি উইজার্ড এসে পাঁচটি ইউজার এ্যাকাউন্ট (পাসওয়ার্ড বিহীন) তৈরীর করার সুযোগ প্রদান করে (আপনি ইচ্ছা করলে পাঁচটি এ্যাকাউন্ট তৈরী নাও করতে পারেন)। এই এ্যাকাউন্টগুলো আবার এ্যাডমিনিস্ট্রেটর গ্রুপের এ্যাকাউন্ট হিসেবে গণ্য হয়।

তাহলে উইন্ডোজের বিল্ট-ইন এ্যাডমিনিস্ট্রেটর হিসেবে লগ-ইন করার সুবিধা কি? খুবই সামান্য। উইন্ডোজের বিল্ট-ইন এ্যাডমিনিস্ট্রেটর হিসেবে লগ-ইন করলে আপনাকে উইন্ডোজের যাবতীয় এ্যাকাউন্ট এবং তাদের ডকুমেন্টস্ দেখাবে। আপনি সকল ধরনের পারমিশ্বন অটোমেটিক্যালি পেয়ে যাবেন। মজার ব্যাপার হলো যে, আপনার এ্যাকাউন্ট এবং ডকুমেন্টস্ এর উপর উইন্ডোজের অন্যান্য এ্যাডমিনিস্ট্রেটররা এ ধরনের পারমিশ্বন পাবেন না। এছাড়া আপনি চাইলে যে কারও এ্যাকাউন্ট সাময়িকভাবে বন্ধ বা চিরতরে মুছে ফেলতে পারেন, যা অন্য কোন এ্যাডমিনিস্ট্রেটর আপনার এ্যাকাউন্টের ক্ষেত্রে করতে পারবে না। অবশ্য আপনার কম্পিউটারটি যদি কোন ডোমেইনের অন্তর্ভুক্ত হয়ে থাকে, তাহলে এই নিয়মের কিছুটা ব্যতিক্রম ঘটতে পারে।


তো যাই হোক, আপনি যদি উইন্ডোজের মূল এ্যাডমিনিস্ট্রেটর হিসেবে লগ-ইন করতে চান, তাহলে **Control Panel --> User Accounts** ওপেন করুন। এবার **Change the way users log on or off** এ ক্লিক করুন। নিচের চিত্রে দৃষ্টব্য:



এবার **Select logon and logoff options** --> **Use the Welcome screen** টিক চিহ্নটি উঠিয়ে দিন এবং **Apply Options** এ ক্লিক করুন। মনে রাখবেন, এই কাজটি করার জন্য আপনাকে অবশ্যই এ্যাডমিনিস্ট্রেটর বা পাওয়ার ইউজার গ্রুপের সদস্য হতে হবে। নিচের স্থির চিত্রটি দেখুন:



এখন থেকে আপনি উইন্ডোজ এ লগ-ইন করার সময় ক্লাসিক লগ-ইন ডায়ালগ বক্সটি পাবেন। এবার লগ-অফ করে, আবার লগ-ইন করুন, তবে এবার অবশ্যই **Administrator** ইউজার হিসেবে এবং পাসওয়ার্ড দিয়ে! এখন আপনি চাইলেই **Control Panel --> Administrative Tools --> Computer Management** স্যাপ-ইনটি ওপেন করে যে কোন ইউজার এ্যাকাউন্ট বন্ধ বা মুছে ফেলতে পারবেন (বিল্ট-ইন গেস্ট এ্যাকাউন্টটি ব্যতীত)। ইউজার এ্যাকাউন্টগুলো আপনি পাবেন **Local Users and Groups --> Users** অপশনটির আন্ডারে। চিত্রটিতে লক্ষ্য করুন:



অন্যান্য ইউজারদের ডকুমেন্টস মুছে ফেলতে চাইলে আপনাকে ওপেন করতে হবে **Control Panel --> System**। এবার **System Properties** এর **Advanced** ট্যাবটির মাঝামাঝি অবস্থানে **User Profiles --> Settings** বাটনে ক্লিক করুন। যে ইউজারের ডকুমেন্টস মুছে ফেলতে চান, সেটি সিলেক্ট করে ডিলিট বাটনে ক্লিক করুন।

### পরিশিষ্টঃ

- আমি আশা করবো যে, এই টিউটোরিয়ালটি আপনি কোন প্রকার অসৎ উদ্দেশ্যে ব্যবহার করবেন না।
- টিউটোরিয়ালটি অনুসরণ করতে গিয়ে অপারেটিং সিস্টেমের কোনরূপ ক্ষতি হলে লেখক দায়ী নয়।
- টিউটোরিয়ালটিতে আমি ধরে নিয়েছি যে, উইন্ডোজ এক্সপি আপনি নিজে ইনস্টল করেছেন অথবা এর বিল্ট-ইন এ্যাডমিনিস্ট্রেটর পাসওয়ার্ডটি আপনার জানা আছে এবং কম্পিউটারটি অবশ্যই আপনার।

-- মোহাম্মদ আহসানুল হক শোভন

ইমেইল: [shuvorim@yahoo.com](mailto:shuvorim@yahoo.com)

ওয়েবসাইট: <http://www29.websamba.com/shovon>